

## উপজেলা পরিক্রমা

### হাতিয়া

॥ আকবর হেলাল ॥

নোয়াখালী জেলাধীন বিক্ষুব্ধ মেঘনা ও প্রমত্তা বঙ্গোপসাগর ঘেরা বহুদিনের অবহেলিত, লাঞ্চিত ও বঞ্চার দ্বীপ হাতিয়া। জেলার সাথে প্রায় বিচ্ছিন্ন দ্বীপের খবর কেউ রাখেও না এবং খবর শুনেও না। দেশের এক কোণে পড়ে থাকা উপজেলাটি বারংবার ঘূর্ণিঝড়ের কবলে পতিত হয়। দ্বীপের লোকসংখ্যা প্রায় ৬৪ হাজার। কৃষক পরিবার ২০ হাজার ৩শ' ৮৫টি। ভূমিহীন পরিবার ৫ হাজার ৮শ' ২৩টি। ইউনিয়ন পরিষদ ১০টি। দেশের আরেক আকর্ষণ বঙ্গোপসাগরের বুকে গজে উঠা "নিঝুম দ্বীপ"। জোতদার মহাজন প্রভুরা একে গ্রাস করে চলেছে। ফসল, ভূমিহীনরা দিন দিন বাড়ছেই। হাতিয়া শহরের গোটা অংশ ইতিমধ্যে নদীগর্ভে বিলীন হয়ে গেছে। নদী ভাঙ্গা রোধ করার কোন প্রকল্পই দেখা যাচ্ছে না। প্রতি বছর কয়েক শ' পরিবার গৃহহারা-ভূমিহীনে পরিণত হচ্ছে এ নদী ভাঙ্গায়। কিন্তু কোন উপায় নেই দ্বীপবাসীর। অথচ নদী ভাঙ্গা দ্বীপের প্রধান সমস্যা। এ উপজেলার আয়তন ৩শ' ৯৯ বর্গমাইল। ভাঙ্গনের পরিমাণ ৬৫ বর্গমাইল। জনসংখ্যার ঘনত্ব ৬শ' ৬২ প্রায়। মোট গ্রাম ১শ' ৩৬টি।

যাতায়াত

টুট্রাম-বরিশাল স্টীমার কিছুটা নিরাপদ যোগাযোগ মূল ভূ-খণ্ডের সাথে। ইদানীং তাও অনিশ্চিত এবং বিপজ্জনক। কারণ পুরাতন স্টীমার অনেক সময় বিকল হলে বঙ্গোপসাগরের বুকে হারিয়ে গেলে

অন্য জাহাজ দিয়ে খুঁজে টেনে আনতে হয়। অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থায় সংকট রয়েছে। পাকা রাস্তা ৬ মাইল। কাঁচা রাস্তা ৫শ' ৬৭ মাইল।

চিকিৎসা

দ্বীপের একমাত্র উপজেলা স্বাস্থ্য প্রকল্প। আসন সংখ্যা ৩১টি। ৭ দিন থাকলে রুগীকে মুমূর্ষু অবস্থায় অন্যত্র যেতে হয়। উপ-স্বাস্থ্য প্রকল্প আছে ৪টি।

কৃষি

সারের অভাবে চাষীরা ফসল উৎপাদনে নিরুৎসাহ হচ্ছে। চোরাচালানী ও গুদামজাত করার ফলে এক শ্রেণীর ব্যবসায়ীর খপ্পরে পড়ে কৃষকরা ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না। চরের জমি নিয়ে জোতদাররা প্রতি বছর তৎপর থাকে।

শিক্ষা

২টি কলেজ, ১৩টি হাইস্কুল ও ১২৪টি প্রাথমিক বিদ্যালয় এবং ১টি আলীয়া মাদ্রাসাসহ ১৩টি মাদ্রাসা ও ২০টি এবতেদায়ী মাদ্রাসা এ উপজেলায় রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের অভাব ও সমস্যার অন্ত নেই।

বিদ্যুৎ ব্যবস্থা

হাতিয়ার প্রধান কেন্দ্র থেকে উছখালী বাজার পর্যন্ত বৈদ্যুতিক তার লাগানো হয়েছে আজ প্রায় ৫ বছর। কিন্তু লাখ লাখ টাকা ব্যয় করে লাগানো উক্ত তার দিয়ে আলো বের হচ্ছে না। খুঁটি থেকে তারগুলো অনেক জায়গায় বিক্ষিপ্ত অবস্থায় পড়ে রয়েছে। উপজেলা কর্তৃপক্ষ জেনেও জানচ্ছে না, দেখেও দেখছে না।